

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১২ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ/ ২৬ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ।

নং- ৫(১) মুসক নীতি ও বাজেট/২০০৯/৭৪৬-মুসক/২০১৫।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা ৪(ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত ‘আমদানিকৃত বা উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) বিধিমালা, ২০১১’ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ১০ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “৩১ ডিসেম্বর, ২০১৫” সংখ্যাগুলি, শব্দ ও কমা পরিবর্তে “৩০ জুন, ২০১৬” সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/২৬/১১/২০১৫খ্রি:
(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

[তাঁহাকে উল্লিখিত প্রজ্ঞাপনের এর ৩০০ (তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল]

নথি নং- ৫(১) মুসক নীতি ও বাজেট/২০০৯/৪৯৫(২৯)

তারিখঃ ২৬/১১/২০১৫খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর, ঢাকা।
- ২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও মুসক), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৩-৫। সদস্য (শুল্ক নীতি)/ সদস্য (মুসক নীতি)/ সদস্য (মুসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৮। মহাপরিচালক, মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোডকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ২০। প্রথম সচিব (মুসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২২। দ্বিতীয় সচিব (মুসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৩। সভাপতি, বাংলাদেশ সিগারেট ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, ৮৫, সোহরাওয়ার্দী এভিনিউ, বারিধারা, ঢাকা-১২১২।